

প্রজ্ঞাপন

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক স্থায়ী কমিটি সমূহের কার্যপরিধি না পাওয়া পর্যন্ত স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) কর্তৃক প্রেরিত খসড়া কার্যপরিধি পাটগ্রাম পৌরসভার মাসিক সাধারণ সভা নং-৩২/২০২৩ অনুযায়ী গত ২৬.০৯.২৩ তারিখে অনুষ্ঠিত আলোচনা ও সিদ্ধান্ত অনুযায়ী পাটগ্রাম পৌরসভার জন্য নিম্নরূপ স্থায়ী কমিটি পুণঃগঠন অনুমোদন করা হল।

১. মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটিঃ-

ক্রমিক নং	নাম ও পদবী	স্থায়ী কমিটিতে পদবী
০১	মোছাঃ রেহানা ইয়াছমিন, সংরক্ষিত কাউন্সিলর ০২ নং ওয়ার্ড, পাটগ্রাম পৌরসভা	সভাপতি
০২	মোঃ রাশেদুল ইসলাম সুইট, মেয়র, পাটগ্রাম পৌরসভা,	সদস্য
০৩	মোছাঃ ফরিদা হাসান লিপি, সংরক্ষিত কাউন্সিলর ০১ নং ওয়ার্ড, পাটগ্রাম পৌরসভা	সদস্য
০৪	মোছাঃ মফিনা বেগম, সংরক্ষিত কাউন্সিলর ০৩ নং ওয়ার্ড, পাটগ্রাম পৌরসভা	সদস্য
০৫	মোঃ হাবিবুর রহমান, কাউন্সিলর, ৯ নং ওয়ার্ড, পাটগ্রাম পৌরসভা	সদস্য
০৬	মোঃ আজিজুল হক দুলাল, কাউন্সিলর, ৬ নং ওয়ার্ড, পাটগ্রাম পৌরসভা	সদস্য
০৭	মোঃ এনামুল হক সরকার, পৌর নির্বাহী কর্মকর্তা, পাটগ্রাম পৌরসভা	সাচিবিক দায়িত্ব পালনকারী

কার্যপরিধি:

- প্রতিমাসে ১টি সভা করা এবং নিয়মিতভাবে কার্যবিবরণী লিপিবদ্ধ করা।
- পৌরসভার বিভিন্ন কর্মকাণ্ডে নারীদের অংশগ্রহন নিশ্চিতকরণে কার্যকর পদক্ষেপ গ্রহন।
- নারী ও শিশু সহ পিছিয়ে পড়া জনগোষ্ঠীর কল্যাণে ও উন্নয়নে বিভিন্নমুখী উন্নয়ন কার্যক্রম গ্রহনে সুপারিশ করা।
- প্রকল্পের আন্ততায় প্রণীত সংক্ষিপ্ত নির্দেশনা সম্বলিত ধারণামূলক জেভার এ্যাকশন প্লানের সাথে সামঞ্জস্য রেখে পৌরসভার চাদি অনুযায়ী জেভার এ্যাকশন প্লান প্রণয়ন এবং টিএলসিসি'র অনুমোদনক্রমে পিডিপি-তে অন্তর্ভুক্তকরণ
- জেভার এ্যাকশন প্লান বাস্তবায়নের জন্য নারীর উন্নয়ন সংক্রান্ত বাজেট প্রণয়ন করা, বরাদ্দের সুপারিশ করা এবং যথাযথ ব্যবহার নিশ্চিত করা।
- টিএলসিসি, ডাব্লিউসি ইত্যাদি সংশ্লিষ্ট ফোরামে সভাজেভার বিষয়ক কার্যক্রম নিয়মিত উপস্থিত করা।
- নারী-পুরুষ সমতা সংক্রান্ত বিষয় চিহ্নিত করা এবং জেভার ও জেভার এ্যাকশন প্লান বাস্তবায়ন কার্যক্রম সম্পর্কে কমিউনিটি, সরকারী প্রতিষ্ঠান, এনজিও সহ পৌরসভার ভূমিকা চিহ্নিত করা।
- পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (পিডিপি) বর্ণিত সংশ্লিষ্ট সকল কার্যক্রমের বাস্তবায়ন এবং পরিবীক্ষণে সহায়তা করা।
- আয়বৃদ্ধিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ত নারীদের উৎসাহিত করার জন্য ব্যবসায়ী নারীদের জন্য পৌর মার্কেটে দোকান বরাদ্দের ক্ষেত্রে কোট সংরক্ষণ।
- নারী ও শিশু পাচার এবং বাল্য বিবাহ রোধে জনগণকে সচেতন করা। যৌতক বিরোধী অভিযান পরিচালনা করা। যৌতকের ক্ষতিকর প্রভাব সম্পর্কে জনগণকে অবহিত করা।
- জন্ম-মৃত্যুর তথ্যাদি সংগ্রহ ও সংরক্ষণ করা। জন্ম নিবন্ধন তৈরীতে পৌরবাসীকে উৎসাহিত করা।
- দুস্থ নারী ও শিশুদের স্বাভাবিক জীবনযাপন ও নিরাপত্তা ব্যবস্থা করা। প্রয়োজনে এতিমখানা, বিধবা নিবাস বা অশ্রয় কেন্দ্র ইত্যাদি প্রতিষ্ঠাকরণে সুপারিশ করা।
- ভিক্ষাবৃত্তি, ইড টিজিং, পতিতাবৃত্তি, কিশোর শ্রম বা কিশোর অপরাধের ন্যায় বিভিন্ন অনাচার বন্ধে জনগণকে সচেতন করা এবং পৌরসভার মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম গ্রহন করতে সুপারিশ করা।
- শিশুদের জন্য শিশু ও নারী বান্ধব খেলার মাঠ ও বিনোদন কেন্দ্র বা পার্ক নির্মাণে সুপারিশ করা।